

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ

১৪১-১৪৩ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

নথি নং-১৮.৭০৭.০৪৭.০০.০০.২৯৯.২০২৪/৯৬

তারিখঃ ২২/০৪/২০২৫

জনাব মোঃ আমিনুল হক
মাস্টার পাইলট সুপারভাইজার
পূর্ব-ব-দ্বীপ শাখা
নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ
বিআইডব্লিউটিএ, চট্টগ্রাম।

বিষয়ঃ দ্বিতীয় তথা চূড়ান্ত কারণ দর্শানোর নোটিশ।

যেহেতু, আপনি জনাব মোঃ আমিনুল হক, মাস্টার পাইলট সুপারভাইজার, পূর্ব-ব-দ্বীপ শাখা, নৌ সংরক্ষণ ও পরিচালন বিভাগ, বিআইডব্লিউটিএ, চট্টগ্রাম এর বিরুদ্ধে রাজস্ব কমে যাওয়া, পাইলটদের আগমন/বর্হিগমন রেজিষ্টার, ডেইলি রিপোর্ট, কুপনের হিসাব ও বুকিং সংক্রান্ত তথ্যাদি অফিসে না রেখে বাসায় রাখা, বিকেল ৫টা থেকে রাত ৮ টা পর্যন্ত পাইলট হাউজে উপস্থিত থেকে বুকিং গ্রহণ ও মাস্টার/পাইলটদের দায়িত্ব বন্টন করার কথা থাকলেও স্বল্প সময়ে উপস্থিত থাকা এবং কাজে অদক্ষতার বিষয়ে আনীত অভিযোগগুলো তদন্ত করার লক্ষ্যে ৩(তিন) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়;

যেহেতু, প্রতিবেদনে বর্ণিত আপনার নিয়ন্ত্রণ কর্মকর্তা যুগ্ম-পরিচালক(নৌ-সওপ) ও উপ-পরিচালক(নৌ-সওপ), চট্টগ্রাম এবং সংশ্লিষ্ট অন্যান্য কর্মচারীর জবানবন্দী সহ সার্বিক পর্যালোচনা আপনার বিরুদ্ধে আনীত অভিযোগের সত্যতা পাওয়া যায় মর্মে গত ০১/১০/২০২৪ তারিখে দাখিলকৃত কমিটির প্রতিবেদনে উল্লেখ করা হয়; যেহেতু, আপনি মাস্টার পাইলট সুপারভাইজার হিসেবে অর্পিত দায়িত্ব সঠিকভাবে পালন করতে ব্যর্থ হওয়ায় কর্তৃপক্ষের পাইলটেজ সার্ভিস খাতে রাজস্ব আয় কমে যায়;

যেহেতু, আপনার উপর্যুক্ত কার্যকলাপ কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী শৃংখলা বিধির পরিপন্থি এবং বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৩৫(ক), ৩৫(খ) এবং ৩৫(ঘ) প্রবিধান অনুসারে যথাক্রমে "দায়িত্ব পালনে অবহেলা", "অসদাচরণ" এবং "অদক্ষতা" এর আওতাভুক্ত হওয়ায় কর্তৃপক্ষের স্মারক নং-১৮. ৭০৭. ০৪৭.০০.০০.২৯৯.২০২৪/৩৮০; তারিখঃ ২৯/১২/২০২৪ দ্বারা অভিযোগনামা জারীর মাধ্যমে বিভাগীয় মামলা রুজু করা হয়; যেহেতু, আপনি গত ২১/০১/২০২৫ তারিখ অভিযোগনামার জবাব দাখিল করেন; যেহেতু, অভিযোগনামার জবাবের প্রেক্ষিতে কর্তৃপক্ষের দপ্তর আদেশ নং-৩৩৯/২০২৫; তারিখঃ ১৯/০২/২০২৫ দ্বারা জনাব এস এম শাহেদ রেজা, পরিচালক, ক্রম ও সংরক্ষণ বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা-কে আহ্বায়ক করে ৩(তিন) সদস্য বিশিষ্ট তদন্ত বোর্ড গঠন করা হয়;


যেহেতু, তদন্ত বোর্ড কর্তৃক গত ২৭/০৩/২০২৫ তারিখের দাখিলকৃত প্রতিবেদনে আপনার বিরুদ্ধে দাপ্তরিক কাজে দক্ষতা ও কর্মতৎপরতার ঘাটতি অর্থ্যাৎ সর্বোপরি অদক্ষতার কারণে সামগ্রিকভাবে কর্তৃপক্ষের চট্টগ্রামস্থ পাইলটেজ রাজস্ব আদায় হ্রাস পেয়েছে মর্মে অভিযোগ প্রমাণিত হয়েছে; যেহেতু, তদন্ত প্রতিবেদনসহ নথি কর্তৃপক্ষের চেয়ারম্যান মহোদয় বরাবর উপস্থাপিত হলে আপনার প্রতি বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৩৬(১) (আ)(ঘ) প্রবিধান মোতাবেক "নিম্নতর বেতনক্রমে অবনতকরণ" গুরু দণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, আপনি জনাব মোঃ আমিনুল হক, মাস্টার পাইলট সুপারভাইজার, পূর্ব-ব-দ্বীপ শাখা, নৌ সংরক্ষণ ও পরিচালন বিভাগ, বিআইডব্লিউটিএ, চট্টগ্রাম এর প্রতি বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৩৬(১) (আ)(ঘ) প্রবিধান মোতাবেক "নিম্নতর বেতনক্রমে অবনতকরণ" গুরু দণ্ড কেন আরোপ করা হবে না তৎসম্পর্কে কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৩৯(৬) প্রবিধান মোতাবেক অত্র নোটিশ প্রাপ্তির ৭ (সাত) কার্যদিবসের মধ্যে চেয়ারম্যান মহোদয় বরাবর চূড়ান্ত কারণ দর্শানোর নির্দেশ প্রদান করা হলো।

স্বাক্ষরিত
(কাজী ওয়াকিল নওয়াজ)
পরিচালক(প্রশাসন ও মানব সম্পদ)
বিআইডব্লিউটিএ।

অনুলিপি :

- ০১। পরিচালক, নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০২। পরিচালক, আইসিটি বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ০৩। যুগ্ম-পরিচালক, নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ, বিআইডব্লিউটিএ, চট্টগ্রাম।
- ০৪। সমন্বয় কর্মকর্তা(উপ-পরিচালক), চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০৫। সহকারী পরিচালক, হিসাব বিভাগ, বিআইডব্লিউটিএ, চট্টগ্রাম।
- ০৬। ব্যক্তিগত সহকারী, সদস্য (অর্থ) মহোদয়ের দপ্তর, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০৭। ব্যক্তিগত নথি।


২৪/৪/২০২৫
পরিচালক (প্রশাসন ও মানব সম্পদ)
বিআইডব্লিউটিএ।